

## বিজয় দিবস উপলক্ষে আয়োজিত পাবিপ্রবির ওয়েবিনারে নোবেল বিজয়ী পদার্থবিজ্ঞানী

২০২০ সালে বাংলাদেশসহ পুরো বিশ্ব একবিংশ শতাব্দীর সবচেয়ে ভয়াবহ মহামারীর ক্রান্তিকাল পার করেছে। এই করোনাকালীন মহামারীর সময়ে বিশ্ববিদ্যালয়সহ সকল শিক্ষা প্রতিষ্ঠানের স্বাভাবিক কার্যক্রম বন্ধ আছে। পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের পদার্থবিজ্ঞান বিভাগ এই বিশ্ব করোনা মহামারীর সময়ে ও এই করোনাকালীন ক্রান্তিলগ্নে ছাত্র-ছাত্রীদেরকে পড়াশুনার মধ্যে ধরে রাখা এবং পদার্থবিজ্ঞানকে ছাত্র-ছাত্রীদের মাঝে জনপ্রিয় করার জন্য বিশ্বের বিভিন্ন দেশের নামকরা পদার্থবিজ্ঞানীদের নিয়ে আন্তর্জাতিক ফিজিক্স ওয়েবিনার আয়োজন করে যাচ্ছে। বাংলাদেশের পদার্থবিদরা মনে করেন এই ওয়েবিনার গুলো পদার্থবিজ্ঞানের শিক্ষার্থীদের পদার্থবিজ্ঞানের বিভিন্ন শাখার উচ্চ শিক্ষার জন্য গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করবে। ইতিমধ্যে তারা ১০৩টি ওয়েবিনার সফলতার সহিত আয়োজন করেছে। ডিসেম্বর মাস আমাদের বিজয়ের মাস। ২০২০ সাল বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবর্ষ বা মুজিববর্ষ। বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবর্ষ ও বিজয়ের দিবস উপলক্ষে আগামী ১৬ই ডিসেম্বর একটি বিশেষ ওয়েবিনার অনুষ্ঠিত হবে। ১৬ই ডিসেম্বর মহান বিজয় দিবস উপলক্ষে আয়োজিত ওয়েবিনারে স্পীকার হিসেবে উপস্থিত থেকে বক্তব্য রাখবেন ১৯৯৭ সালের নোবেল বিজয়ী পদার্থবিজ্ঞানী প্রফেসর উইলিয়াম ড্যানিয়েল ফিলিপস। যা পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের পদার্থবিজ্ঞান বিভাগের জন্য একটি ঐতিহাসিক দিন। এই ওয়েবিনারটির মাধ্যমে দেশের ও দেশের বাহিরের পদার্থবিজ্ঞানের সকল ছাত্র-ছাত্রীরা নোবেল বিজয়ী পদার্থবিজ্ঞানীর সান্নিধ্যে আসতে পারবে এবং অনেক কিছু শিখতে পারবে।






An International Webinar on Physics



## Title: A new Measure: The Revolutionary Reform of the Metric System



The evolution of length standards



Date: Wednesday, December 16, 2020  
Time: 9:00 am (EST, USA)

The Nobel Prize in Physics 1997

Date: Wednesday, December 16, 2020  
Time: 8:00 pm (BST, Bangladesh)

**Speaker: Dr. William D. Phillips**  
American Nobel-laureate Physicist  
(The Nobel Prize in Physics 1997)  
Distinguished University Professor,  
University of Maryland, USA and  
College Park Professor of Physics and IPST  
National Institute of Standards and  
Technology, USA.



Photo from the Nobel Foundation  
Steven Chu  
Prize share: 1/3

Photo from the Nobel Foundation  
Claude Cohen-  
Tannoudji  
Prize share: 1/3

Photo from the Nobel Foundation  
William D. Phillips  
Prize share: 1/3

**Host: Dr. Pretam Kumar Das**  
Associate Professor & Chairman  
Department of Physics  
Pabna University of Science  
and Technology  
Pabna, Bangladesh.

Organized by Dept. of Physics, Pabna University of Science and Technology  
Live from Facebook page "Physics\_আজ্ঞা"

স্বপ্নসংগঠন\_আজ্ঞা

স্বপ্নসংগঠন\_আজ্ঞা

ইতিমধ্যে এই আন্তর্জাতিক ফিজিক্স ওয়েবিনার গুলোতে বিশ্ব সেরা পদার্থবিদরা বক্তব্য দিয়েছেন এবং ভবিষ্যতে আরও অনেক নামকরা পদার্থবিদরা বক্তব্য দিবেন। ওয়েবিনার গুলো পদার্থবিজ্ঞানের শিক্ষার্থীসহ বিজ্ঞানের সকল শাখার শিক্ষার্থীদের মধ্যে জনপ্রিয় হয়ে উঠেছে। ওয়েবিনার বাংলাদেশ, ভারত, আমেরিকা, আর্জেন্টিনা, চিন, তাইওয়ান, অস্ট্রেলিয়া, গ্রিস, রোমানিয়া, সুইজারল্যান্ড, ইতালি, নেদারল্যান্ড, ফ্রান্স, জার্মানি, জাপান, কানাডা, যুক্তরাজ্য, তুরস্ক সহ বিশ্বের বিভিন্ন দেশের পদার্থবিদদের কাছে সুখ্যাতি অর্জন করেছে।

আন্তর্জাতিক ফিজিক্স ওয়েবিনার'র সঞ্চালক ড. প্রীতম কুমার দাস বলেন- বর্তমান সরকার শিক্ষাবান্ধব সরকার। আর করনাকালীন এই সময়ে সরকার শিক্ষার ক্ষেত্রে যে অবদান রেখেছে তা ধরে রাখতে ও শিক্ষার্থীরা যেন বিজ্ঞানমনস্ক থেকে দূরে সরে না যায় সেই জন্য আমার এই ওয়েবিনার আয়োজন করা। পদার্থবিজ্ঞান বিভাগের শিক্ষার্থীদের কাছে পদার্থবিজ্ঞানকে প্রাণবন্ত করতে আরও নতুন নতুন পদক্ষেপ গ্রহণ করবো। তিনি আরও বলেন, মুজিব শতবর্ষ ও বিজয়ের মাসে ১০০তম ওয়েবিনারে নোবেল বিজয়ী পদার্থবিজ্ঞানী প্রফেসর ডেভিড জে. ওয়াইনল্যান্ড এবং মহান বিজয় দিবস উপলক্ষে নোবেল বিজয়ী পদার্থবিজ্ঞানী প্রফেসর উইলিয়াম ড্যানিয়েল ফিলিপস কে নিয়ে দুটি বিশেষ ওয়েবিনার আয়োজন করতে পেরে আমি ও আমার পদার্থবিজ্ঞান বিভাগ অনেক আনন্দিত। আমি এমন একটি কাজ করার সুযোগ পেয়ে নিজেকে ধন্য মনে করছি এবং গর্ববোধ করছি। সবাইকে মহান বিজয় দিবসের শুভেচ্ছা।